

বিজ্ঞপ্তি

বিষয়: বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের “স্টাফবাসে যাতায়াতের জন্য টিকেট প্রদান” সেবার অনলাইন ব্যবস্থাপনা (e-ticketing software) চালুকরণ।

বাংলাদেশ সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর ৮ম অধ্যায়ের ২৬০ নং নির্দেশনা এবং মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/০৪/২০১৩ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনে জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণের পন্থা উদ্ভাবন সংক্রান্ত নির্দেশনা মোতাবেক বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের “স্টাফবাসে যাতায়াতের জন্য টিকেট প্রদান” কার্যক্রমের অনলাইন ব্যবস্থাপনা (e-ticketing software) উন্নয়ন করা হয়েছে এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর ডাটা সেন্টারে হোস্টিং করা হয়েছে, যার URL: eservice.bkkb.gov.bd/eticket।

০২। বোর্ডের প্রধান কার্যালয়সহ (ঢাকা মহানগর) চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল ও সিলেট বিভাগীয় কার্যালয় এবং রাঙামাটি পার্বত্য জেলার অধিক্ষেত্র অনুযায়ী স্টাফবাসের টিকেট প্রদান সেবা কার্যক্রম প্রচলিত নিয়মের পরিবর্তে সারা দেশে ১০ মে, ২০২৩ তারিখ হতে URL: eservice.bkkb.gov.bd/eticket ব্যবহার করে কর্মকর্তা/কর্মচারীগণ অনলাইনে আবেদন করতে পারবেন। এ সফটওয়্যার ব্যবহার করে কর্মকর্তা/কর্মচারীগণ নতুন টিকেটের জন্য আবেদন, রুট/বাস পরিবর্তনের আবেদন, টিকেট বাতিলের আবেদন ও স্টাফবাসের না-দাবীর আবেদন অনলাইনে দাখিল করতে পারবেন। এছাড়া স্টাফবাসে যাতায়াতের চাহিত রুট অনুযায়ী টিকেটের ভাড়া অনলাইনে (নগদ অ্যাপে) জমা দিতে পারবেন এবং টিকেটের সফটকপি (QR Code) জেনারেট করবে। বোর্ড হতে স্টাফবাসের টিকেটের কোন হার্ড কপি প্রদান করা হবে না।

০৩। জনস্বার্থে জারিকৃত এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

(মুঃ মোহসিন চৌধুরী)

মহাপরিচালক (সচিব)

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড

ফোন: +৮৮-০২-৪৯৩৪৯৩২৩

ই-মেইল: dg@bkkb.gov.bd

বিতরণ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব,
৩. বিভাগীয় কমিশনার ও সভাপতি, বিভাগীয় আঞ্চলিক কল্যাণ কমিটি, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৪. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর।
৫. প্রকল্প পরিচালক, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৬. অতিরিক্ত মহাপরিচালক(প্রশাসন ও অর্থ)/ অতিরিক্ত মহাপরিচালক(পরিকল্পনা, গবেষণা ও উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. পরিচালক(প্রশাসন)/ পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ ময়মনসিংহ।
৯. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের অবগতির জন্য)।
১১. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পি.এ.সি.সি, জনপ্রশাসন মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. তথ্য অফিসার, পি.আই.ডি, সংবাদ কক্ষ।
১৩. প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪. অফিস কপি।